



বর্ডার গার্ড বাংলাদেশ দর্শন

বর্ডার গার্ড বাংলাদেশ ত্রৈমাসিক সাময়িকী

১৪শ বর্ষ • ৪র্থ সংখ্যা • কার্তিক ১৪২২ • মহররম ১৪৩৭ হিজরি • অক্টোবর ২০১৫



বর্ডার গার্ড বাংলাদেশ দর্শন

চিত্রে বর্ডার গার্ড বাংলাদেশ



২৩ জুলাই ২০১৫ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন, এমপি বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান এর সমাধীস্থলে পুষ্পস্তবক অর্পণ করেন।

০২ সেপ্টেম্বর ২০১৫ তারিখে পিলখানাস্থ বীরশ্রেষ্ঠ মুসী আব্দুর রউফ পাবলিক কলেজ এর নবনির্মিত কলেজ ভবন-৪ এর শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, এমপি।



০৬ আগস্ট ২০১৫ তারিখে ভারতের নয়াদিল্লীতে অনুষ্ঠিত বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ে সীমান্ত সম্মেলন শেষে জয়েন্ট রেকর্ড অব ডিসকাশন্স (জেআরডি) স্বাক্ষর করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি এবং বিএসএফ মহাপরিচালক শ্রী ডি কে পাঠক, আইপিএস।

০৭ আগস্ট ২০১৫ তারিখে
বিএসএফ প্রশিক্ষণ
একাডেমিতে, প্রশিক্ষণ
সমাপনী কুচকাওয়াজ
অনুষ্ঠানে সালাম গ্রহণ করেন
বিজিবি মহাপরিচালক মেজর
জেনারেল আজিজ আহমেদ,
বিজিবিএম, পিএসসি, জি।



১৫ আগস্ট ২০১৫ তারিখে
পিলখানাস্থ বীরউত্তম ফজলুর
রহমান খন্দকার মিলায়তনে
জাতির জনক বঙ্গবন্ধু শেখ
মুজিবুর রহমান এর ৪০তম
শাহাদৎ বার্ষিকী উপলক্ষে
বক্তব্য রাখছেন বিজিবি
মহাপরিচালক মেজর
জেনারেল আজিজ আহমেদ,
বিজিবিএম, পিএসসি, জি।

০৯ আগস্ট ২০১৫ তারিখে
পিলখানাস্থ অভয়ারণ্যে বৃক্ষরোপণ
কার্যক্রম উদ্বোধন করেন বিজিবি
মহাপরিচালক মেজর জেনারেল
আজিজ আহমেদ, বিজিবিএম,
পিএসসি, জি।





২৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে পিলখানাস্থ শহীদ আনোয়ার হোসেন প্যাডে গ্রাউন্ডে পবিত্র ঈদ-উল-আযহার নামাজে বিজিবি মহাপরিচালকসহ সকল কর্মকর্তা ও সকল স্তরের সৈনিকবৃন্দ অংশ গ্রহণ করেন।

২৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে পিলখানাস্থ শহীদ আনোয়ার হোসেন প্যাডে গ্রাউন্ডে পবিত্র ঈদ-উল-আযহার নামাজ শেষে দেশ, জাতি এবং বিজিবির কল্যাণ কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।



০৯ আগস্ট ২০১৫ তারিখে পিলখানাস্থ স্মৃতিদীঘিতে মৎস্য পোনা অবমুক্তকরণ কার্যক্রম এর উদ্বোধন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি।

২৭ আগস্ট ২০১৫ তারিখে
পিলখানাস্থ বিজিবি সদর
দপ্তরের সম্মেলন কক্ষে
সাংবাদিক সম্মেলন করেন
বিজিবি মহাপরিচালক মেজর
জেনারেল আজিজ আহমেদ,
বিজিবিএম, পিএসসি, জি।



০১ জুলাই ২০১৫ তারিখে
বীরউত্তম ফজলুর রহমান
খন্দকার মিলনায়তনে ঢাকা
সেন্ট্রের ৪৫তম প্রতিষ্ঠা
বার্ষিকী উপলক্ষে আয়োজিত
অনুষ্ঠানে কেব ক্যাটেন বিজিবি
মহাপরিচালক মেজর জেনারেল
আজিজ আহমেদ, বিজিবিএম,
পিএসসি, জি।

১০ সেপ্টেম্বর ২০১৫
তারিখে পিলখানাস্থ বিজিবি
সদর দপ্তরে গ্রামীণফোন
কোম্পানির সাথে কর্পোরেট
চুক্তি নবায়ন, পিলখানার
অভ্যন্তরে ৩এ উদ্বোধন
ও সিএসআর কর্মসূচির
আওতায় ল্যাপটপ
হস্তান্তর অনুষ্ঠানে অন্যান্য
কর্মকর্তাদের মাঝে বিজিবি
মহাপরিচালক মেজর
জেনারেল আজিজ আহমেদ,
বিজিবিএম, পিএসসি, জি।





০৪ আগস্ট ২০১৫ তারিখে পিলখানাস্থ বীরউত্তম আনোয়ার হোসেন প্যারেড গ্রাউন্ডে অনুষ্ঠিত 'ঈদ পূনর্মিলনী-২০১৫' এ বেলুন উড়িয়ে শুভ উদ্বোধন করেন বিজিবি ভারপ্রাপ্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আবুল হাসনাত মুহাম্মদ খায়রুল বাশার, পিবিজিএম, এএফডব্লিউসি, পিএসসি।

০৯ আগস্ট ২০১৫ তারিখে রংপুর রিজিয়নে মৎস পোনা অবমুক্তকরণ কর্মসূচি-২০১৫ উদ্বোধন করেন রিজিয়ন কমান্ডার, রংপুর।



১১ আগস্ট ২০১৫ তারিখে চট্টগ্রাম রিজিয়নে বৃক্ষরোপণ কর্মসূচি-২০১৫ উদ্বোধন করেন রিজিয়ন কমান্ডার, চট্টগ্রাম।

১০ আগস্ট ২০১৫ তারিখে যশোর রিজিয়নে বৃক্ষরোপণ কর্মসূচি-২০১৫ উদ্বোধন করেন রিজিয়ন কমান্ডার, যশোর।





২৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে পবিত্র ঈদ-উল-আযহার নামাজ শেষে রিক্রুটদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন কমান্ড্যান্ট, বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড স্কুল।

২২ আগস্ট ২০১৫ তারিখে ০৫ জন কোরিয়ান নাগরিক ৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, টেকনাফ এর অধীনস্থ দমদমিয়া বিওপি-র দায়িত্বপূর্ণ এলাকায় নাফ নদীতে স্পীড বোটযোগে পরিদর্শন করেন।



০২ সেপ্টেম্বর ২০১৫ তারিখে পিলখানাস্থ বিজিবি সদর দপ্তরে ৩৩তম বিসিএস (আনসার) কর্মকর্তাদের মৌলিক প্রশিক্ষণ শেষে দলাধিনায়ককে ক্রেস্ট প্রদান করেন উপ মহাপরিচালক (অপারেশন ও প্রশিক্ষণ)।



০৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে কৃতিত্বপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ ২০১৫ সালে বিভাগীয় খরচে ১৭ জন বিজিবি সদস্য পবিত্র হজ্জে গমন করেন।



দেশি-বিদেশি অভ্যাগতবৃন্দ



১৮ আগস্ট ২০১৫ তারিখে বিজিবি সদর দপ্তরে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন Capt Jason Sears, RAN, Non-resident DA, Australian High Commission in New Delhi এবং ঢাকাস্থ অস্ট্রেলিয়ান হাই কমিশনের চার্জ দ্য এফেয়ার্স Dr. Lucida Bell.

০১ আগস্ট ২০১৫ তারিখে বিজিবি সদর দপ্তরে বিজিবি মহাপরিচালকের সচিবালয়ে ভারতীয় হাই কমিশনারের সাথে সৌজন্য সাক্ষাৎ শেষে ক্রেস্ট প্রদান করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি।



০১ আগস্ট ২০১৫ তারিখে বিজিবি সদর দপ্তরে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন BSF OFFRS AND BORDER CONTROL MANAGEMENT COURSE এর দলাধিনায়ক।



১৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে বিজিবি সদর দপ্তরের সম্মেলন কক্ষে রাশিয়ান ডেল টিম এর প্রতিনিধি দলের সাথে বিজিবির অতিরিক্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আবুল হাসনাত মুহাম্মদ খায়রুল বাশার, পিবিজিএম, এএফডব্লিউসি, পিএসসি।



সীমান্ত সম্মেলন



১৪ আগস্ট ২০১৫ তারিখে ৬ বর্ডার গার্ড ব্যাটালিয়নের দায়িত্বপূর্ণ এলাকায় দর্শনা আন্তর্জাতিক মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত বিজিবি-বিএসএফ সেক্টর কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।

০৩ সেপ্টেম্বর ২০১৫ তারিখে সেক্টর কমান্ডার বিজিবি, রংপুর এবং ডিআইজি, কুচবিহার এর মধ্যে সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত হয়।



০৭ জুলাই ২০১৫ তারিখে ৩৮ বর্ডার গার্ড ব্যাটালিয়নের সার্বিক ব্যবস্থাপনায় ভোমরা আইসিপির সম্মেলন কক্ষে বিজিবি-বিএসএফ নোডাল অফিসার পর্যায়ে সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত হয়।

১৬ সেপ্টেম্বর ২০১৫ তারিখে ১৮ বর্ডার গার্ড ব্যাটালিয়নের বাংলাদেশা বিওপিতে সেক্টর কমান্ডার বিজিবি, ঠাকুরগাঁও এবং ডিআইজি বিএসএফ শিলিগুড়ি এর মধ্যে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।





১১ আগস্ট ২০১৫ তারিখে ৩৪ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ দেবহাটা বিওপিএর বিপরীতে ১৬০ বিএসএফ ব্যাটালিয়নের অধীনস্থ হাসনাবাদ ক্যাম্পে বিজিবি এবং বিএসএফ ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।

১৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে সেক্টর কমান্ডার বিজিবি, খুলনা এবং সেক্টর কমান্ডার বিএসএফ, কলকাতা এর মধ্যে ভারতের হরিদাসপুরে সীমান্ত সম্মেলন শেষে ফটোসেশনে অংশ নেন।



২৯ জুলাই ২০১৫ তারিখে ১৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নের বুড়িমারী কোম্পানির দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার ৮৪২/১-এস এর নিকট ১৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন এবং ১৩, ২২, ৩৫ ও ৬১ বিএসএফ ব্যাটালিয়নের মধ্যে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।

১৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে সেক্টর কমান্ডার বিজিবি, খুলনা এবং সেক্টর কমান্ডার বিএসএফ, কলকাতা এর মধ্যে ভারতের হরিদাসপুরে সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত হয়।





২২ জুলাই, ১০ আগস্ট ও ২৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে পর্যায়ক্রমে ১৭ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ ঘুমধুম এলাকায় মৈত্রী সেতুর বিপরীতে মিয়ানমারের অভ্যন্তরে সীমান্ত পিলার-৩০/১ এর সন্নিহনে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।

১৩ আগস্ট ২০১৫ তারিখে ২ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ দানাজপুর বিওপির সীমান্ত পিলার ৩৪০/১-এস এর সন্নিহনে ১৬৭ বিএসএফ ব্যাটালিয়নের মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।



০৯ আগস্ট ২০১৫ তারিখে ১১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন এবং ৬৫ ও ১৩২ বিএসএফ ব্যাটালিয়ন কমান্ডার এর মধ্যে ভারতের বাঘামারা নামক স্থানে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।

অবৈধভাবে সমুদ্রপথে মালয়েশিয়ায় গমনকালে মায়ানমার সেনাবাহিনী কর্তৃক ধৃত বাংলাদেশি নাগরিকদের স্বদেশে প্রত্যাবাসন সভায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিজিবি, বিজিপি, ও ন্যাশনাল ইমিগ্রেশন ডিপার্টমেন্টের প্রতিনিধিগণ।



সীমান্তে চোরাচালান দমনে বিজিবির সাফল্য



১০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে ৩৪ বর্ডার গার্ড ব্যাটালিয়ন কর্তৃক আটককৃত মদকদ্রব্যসমূহ খান বাহাদুর আহসান উল্লাহ ডিগ্রি কলেজ মাঠে ধ্বংস করা হয়।

২১ সেপ্টেম্বর ২০১৫ তারিখে ৪৭ বর্ডার গার্ড ব্যাটালিয়ন কর্তৃক আটককৃত মদকদ্রব্যসমূহ রিজিয়ন কমান্ডার, যশোর এবং স্থানীয় জনগণের উপস্থিতিতে ধ্বংস করা হয়।



২৬ আগস্ট ২০১৫ তারিখে ৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন কর্তৃক আটককৃত সাতান্ন কোটি উনসত্তর লক্ষ চুরানব্বই হাজার চারশত পঞ্চাশ টাকা মূল্যের আঠারো লক্ষ একাত্তর হাজার তিনশত নব্বই পিস ইয়াবাসহ বিভিন্ন প্রকার মাদকদ্রব্যসমূহ সেক্টর কমান্ডার কক্সবাজার স্থানীয় প্রশাসন, মাদকদ্রব্য অধিদপ্তরের প্রতিনিধি এবং মিডিয়া কর্মীদের উপস্থিতিতে ধ্বংস করা হয়।

১৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে ২ বর্ডার গার্ড ব্যাটালিয়নের একটি বিশেষ টহল দল কর্তৃক অভিযান পরিচালনা করে আটশ লক্ষ টাকা মূল্যের ০১টি কষ্টি পাথরের মূর্তি উদ্ধার।





১৫ জুলাই ২০১৫ তারিখে ৩ বর্ডার গার্ড ব্যাটালিয়নের হিলিসিপি বিওপির একটি টহল দল হিলি বাজারে ট্যাক্সফোর্স অভিযান পরিচালনা করে পঁয়ত্রিশ লক্ষ একান্ন হাজার পাঁচশত পঞ্চাশ টাকা মূল্যের বিবিধ মালামাল আটক করে।

০১ জুলাই ২০১৫ তারিখে ২৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নের একটি বিশেষ টহল দল বিপুল পরিমাণের গামারী কাঠ আটক করে।



২৬ আগস্ট ২০১৫ তারিখ ৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়নের শাহপরীরদ্বীপ বিওপির একটি বিশেষ টহল দল বদরমোকাম এলাকায় নাফ নদীর মোহনায় অভিযান পরিচালনা করে উননব্বই লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত একুশ টাকা মূল্যের ২.৪৫৮ কেজি স্বর্ণ আটক করে।

২৪ আগস্ট ২০১৫ তারিখে ৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়নের একটি টহল দল কর্তৃক হোয়াইক্যাং চেকপোস্টে লবণ ভর্তি ট্রাক তল্লাশী করে এক কোটি বিশ লক্ষ টাকা মূল্যের চল্লিশ হাজার পিস ইয়াবা ট্যাবলেট আটক করে।





০১ জুলাই ২০১৫ তারিখে ২৬ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধিনায়কের নেতৃত্বে একটি বিশেষ টহলদল কর্তৃক বেনাপোল থানাধীন ভবেরবেড় নামক স্থান থেকে বাষট্টি লক্ষ একান্ন হাজার টাকা মূল্যের ভারতীয় শাড়ি ও প্ত্রি পিস আটক করে।

০৯ আগস্ট ২০১৫ তারিখে ১০ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধিনায়কের নেতৃত্বে একটি বিশেষ টহল দল কর্তৃক নিমসার বাজার নামক এলাকা থেকে এক কোটি ষাট লক্ষ বিশ হাজার টাকা মূল্যের দুই হাজার দুইশত পিস ভারতীয় উন্নতমানের শাড়ি আটক করে।



১৬ সেপ্টেম্বর ২০১৫ তারিখে ১০ বর্ডার গার্ড ব্যাটালিয়নের আমানগন্ডা বিওপির এলাকাধীন নোয়াপুর নামক স্থান হতে চার লক্ষ টাকা মূল্যের এক হাজার বোতল ভারতীয় ফেপিডিল আটক করে।

২০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে ১০ বর্ডার গার্ড ব্যাটালিয়নের আমানগন্ডা বিওপির দায়িত্বপূর্ণ এলাকা হতে ০৭টি বিভিন্ন মডেলের মোটর সাইকেল আটক করে।



পুনর্গঠন ও উন্নয়নমূলক কর্মকাণ্ড



০২ জুলাই ২০১৫ তারিখে বর্ডার গার্ড সদর দপ্তরে নিজস্ব অর্থায়নে ৬ তলা বিশিষ্ট বিজিবি কল্যাণ ট্রাস্ট ভবন নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি।

০২ জুলাই ২০১৫ তারিখে বিজিবি সদর দপ্তরে বর্ডার গার্ড হাসপাতাল এর করোনারি কেয়ার ইউনিটের নির্মাণ ও সৌন্দর্য বর্ধন কাজের শুভ উদ্বোধন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি।



২২ আগস্ট ২০১৫ তারিখে সেক্টর সদর দপ্তর, রাজশাহীতে পুনঃসংস্কারকৃত অতিথি ভবন উদ্বোধন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি।



সীমান্ত এলাকার বসবাসরত দরিদ্র মানুষের জীবনযাত্রার মানোন্নয়নে ৩০ বর্ডার গার্ড ব্যাটালিয়নের উদ্যোগে ধর্মগড় সীমান্ত ফাঁড়ির দায়িত্বাধীন এলাকায় 'ধর্মগড় আলোকিত সীমান্ত' নামে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প হাঁসের খামার।



গণসচেতনতা বৃদ্ধি ও মানবকল্যাণে বিজিবি



১৪ জুলাই ২০১৫ তারিখে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং বিজিবি মহাপরিচালক বাংলাদেশ-ভারত ছিটমহল বিনিময় উপলক্ষে ছিটমহল অধিবাসীদের সাথে মতবিনিময় করেন।

১৭ আগস্ট ২০১৫ তারিখে 'মাদক চোরাচালান প্রতিরোধে করণীয়' শীর্ষক আলোচনা সভায় বক্তব্য দিচ্ছেন রিজিয়ন কমান্ডার, রংপুর।



০২ সেপ্টেম্বর ২০১৫ তারিখে সীমান্ত অপরাধ/ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ জনসচেতনতা বিষয়ক অনুষ্ঠানে মতবিনিময় করছেন অধিনায়ক ২২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন।



৩০ বর্ডার গার্ড ব্যাটালিয়নের সার্বিক ব্যবস্থাপনায় সীমান্ত চোরাচালান, মাদক ও মানব পাচার প্রতিরোধ এবং আইন-শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভায় উপস্থিত ব্যক্তিবর্গ।



প্রশিক্ষণ/অপারেশন কার্যক্রম



২৫ আগস্ট ২০১৫ তারিখে চরচিলমারী বিওপির সৈনিকদের ভারী অস্ত্র প্রশিক্ষণ পরিদর্শন করছেন রিজিয়ন কমান্ডার, যশোর।

১৪ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ বিওপি পরিদর্শনকালীন ৮২ মি. মি. এর স্থাপন পর্যবেক্ষণ করছেন সেক্টর কমান্ডার, রাজশাহী।



১৬ সেপ্টেম্বর ২০১৫ তারিখে জেসিএসসি-৫৫ কোর্সের প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীগণ সিলেট সেক্টর পরিদর্শনকালীন সময়ে তাদেরকে ব্রিফ করেন সেক্টর কমান্ডার, সিলেট।



১০ আগস্ট ২০১৫ থেকে ২২ আগস্ট ২০১৫ তারিখ পর্যন্ত বিএসএফ প্রশিক্ষণ একাডেমি, টেকানপুর এর ব্যবস্থাপনায় 'সীমান্ত নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা' বিষয়ক প্রশিক্ষণ কোর্সে বিজিবির ১৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।





২৬ জুলাই ২০১৫ থেকে ৩০ জুলাই ২০১৫ তারিখ পর্যন্ত বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড স্কুল, বায়তুল ইজ্জত, চট্টগ্রাম এর ব্যবস্থাপনায় 'সীমান্ত নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা' বিষয়ক প্রশিক্ষণ কোর্সে বিএসএফ এর ১৬ জন কর্মকর্তা এবং ১৫ জন অন্যান্য পদবির সদস্যসহ বিজিবির ০৫ জন কর্মকর্তা এবং ১০ জন জুনিয়র কর্মকর্তা অংশগ্রহণ করেন।

০২ আগস্ট ২০১৫ থেকে ২৪ সেপ্টেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত ৩০ বর্ডার গার্ড ব্যাটালিয়নের তত্ত্বাবধানে পরিচালিত বিসিএম কোর্স গ্রেড-৩ (সিপাহী জিডি)-২/২০১৫ এ অংশগ্রহণকারী প্রশিক্ষণরত সৈনিকবৃন্দ।



১১ বর্ডার গার্ড ব্যাটালিয়নের তত্ত্বাবধানে পরিচালিত ৮৭তম ব্যাচে অংশগ্রহণকারী রিক্রুটদের রশি প্রশিক্ষণের অনুশীলন।

০৭ সেপ্টেম্বর ২০১৫ তারিখে বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড স্কুল এর তত্ত্বাবধানে পরিচালিত বর্ডার গার্ড প্লাটুন হাবিলদার কোর্সে বহিরাঙ্গন অনুশীলনে প্রতিরক্ষায় প্রশিক্ষণার্থীগণ।





০২ আগস্ট ২০১৫ থেকে ২২ সেপ্টেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত শ্রীমঙ্গল সেক্টরের তত্ত্বাবধানে পরিচালিত বিসিএম কোর্সে (সিপাহী জিডি)-০২/২০১৫ এ ক্ষুদ্রাঙ্গে প্রশিক্ষণরত সৈনিকবৃন্দ।

৩ বর্ডার গার্ড ব্যাটালিয়ন কর্তৃক পরিচালিত ৭৫ মি. মি. আর আর ক্যাডার-০৩/২০১৫ এ অংশগ্রহণরত সদস্যবৃন্দ।



বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড স্কুল এর তত্ত্বাবধানে পরিচালিত ৮-৭তম ব্যাচ এর অস্ত্রপ্রশিক্ষণ ক্লাসে অংশগ্রহণকারী রিক্রুটবৃন্দ।

১৬ বর্ডার গার্ড ব্যাটালিয়নের তত্ত্বাবধানে পরিচালিত এমজি ও মর্টার সতেজকরণ প্রশিক্ষণ পর্যবেক্ষণ করছেন অধিনায়ক, ১৬ বর্ডার গার্ড ব্যাটালিয়ন।



বাৎসরিক উপযুক্ততা পরিদর্শন



২৪ আগস্ট ২০১৫ তারিখে সেক্টর সদর দপ্তর, রাজশাহী এর বাৎসরিক উপযুক্ততা পরিদর্শন চলাকালীন সৈনিকদের টার্ন আউট পরিদর্শন করেন রিজিয়ন কমান্ডার, রংপুর।

১৪ বর্ডার গার্ড ব্যাটালিয়নের উপযুক্ততা পরিদর্শন উপলক্ষে হ্যাভার স্যাকে রক্ষিত ১২ আইটেম পরিদর্শন করছেন সেক্টর কমান্ডার, রাজশাহী।



০৬ সেপ্টেম্বর ২০১৫ তারিখে ২২ বর্ডার গার্ড ব্যাটালিয়নের সৈনিকদের টার্ন আউট পরিদর্শন করেন সেক্টর কমান্ডার, রাঙ্গামাটি।

১৩ সেপ্টেম্বর ২০১৫ হতে ১৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত বাৎসরিক উপযুক্ততা পরিদর্শন উপলক্ষে পরিদর্শন টিম কর্তৃক ১৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নের সৈনিকদের ক্ষুদ্রাস্ত্র ফায়ারিং এ টার্গেট পরিদর্শন করেন।



সীমান্তে বিজিবি-বিএসএফ যৌথ টহল



০৩ সেপ্টেম্বর ২০১৫ তারিখে ৪৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নের তত্ত্বাবধানে সেক্টর কমান্ডার বিজিবি, রংপুর এবং ডিআইজি কুচবিহার এর মধ্যে সীমান্তে যৌথ টহল অনুষ্ঠিত হয়।

১১ বর্ডার গার্ড ব্যাটালিয়নের দায়িত্বপূর্ণ এলাকায় বিজিবি এবং বিএসএফ কর্তৃক সীমান্তে যৌথ টহল।



২০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে ২৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন এবং ১৯৯ বিএসএফ ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে সৌজন্য সাক্ষাত অনুষ্ঠিত হয়।



২৩ বর্ডার গার্ড ব্যাটালিয়নের দায়িত্বপূর্ণ এলাকার বিপরীতে প্রতিপক্ষ বিএসএফ এর সাথে কোম্পানি কমান্ডার পর্যায়ে যৌথ পিলার চেকিং।



ক্রীড়াঙ্গনে বর্ডার গার্ড বাংলাদেশ



১৯ আগস্ট ২০১৫ তারিখে আন্তঃরিজিয়ন তায়কোয়াডো প্রতিযোগিতা-২০১৫-এ চ্যাম্পিয়ন রংপুর রিজিয়নের খোলোয়াড়দের মাঝে রিজিয়ন কমান্ডার, রংপুর।

১০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে শ্রীমঙ্গল সেক্টরের ব্যবস্থাপনায় আন্তঃসেক্টর কারাত প্রতিযোগিতা-২০১৫ এ চ্যাম্পিয়ন শ্রীমঙ্গল সেক্টর খোলোয়াড়দের মাঝে রিজিয়ন কমান্ডার, সরাইল।



২১ জুলাই ২০১৫ হতে ২৩ জুলাই ২০১৫ তারিখ পর্যন্ত যশোর রিজিয়নে আন্তঃব্যাটালিয়ন তায়কোয়াডো প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ৬ বর্ডার গার্ড ব্যাটালিয়নের খোলোয়াড়দের মাঝে রিজিয়ন কমান্ডার, যশোর।

১৯ আগস্ট ২০১৫ তারিখে আন্তঃরিজিয়ন তায়কোয়াডো প্রতিযোগিতা-২০১৫-এ শ্রেষ্ঠ খোলোয়াড়কে ফ্রেস্ট প্রদান করছেন রিজিয়ন কমান্ডার, রংপুর।





১০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে ৩৪ বর্ডার গার্ড ব্যাটালিয়নের ব্যবস্থাপনায় মাদক বিরোধী শ্রীতি ফুটবল ম্যাচ শেষে খেলোয়াড়দের সাথে রিজিয়ন কমান্ডার, যশোর।



২৩ আগস্ট ২০১৫ হতে ২৬ আগস্ট ২০১৫ তারিখ পর্যন্ত কক্সবাজার সেক্টর আন্তঃব্যাটালিয়ন কারাতে প্রতিযোগিতায় শ্রেষ্ঠনবীন খেলোয়াড়কে ফ্রেস্ট প্রদান করছেন সেক্টর কমান্ডার, কক্সবাজার।

১৭ সেপ্টেম্বর ২০১৫ তারিখ
আন্তঃসেক্টর কারাতে প্রতিযোগিতায়
চ্যাম্পিয়ন দিনাজপুর সেক্টরের
খেলোয়াড়দের মাঝে রিজিয়ন
কমান্ডার, রংপুর।



১০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে ৮-৭তম ব্যাচ রিক্রুটদের আন্তঃকোম্পানি ভলিবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন দলকে ট্রফি প্রদান করছেন কমান্ড্যান্ট, বিজিটিসিএন্ডএস।



২৩ আগস্ট ২০১৫ হতে ২৬ আগস্ট ২০১৫ তারিখ পর্যন্ত ১৭ বর্ডার গার্ড ব্যাটালিয়নের ব্যবস্থাপনায় পরিচালিত কক্সবাজার সেক্টর আন্তঃব্যাটালিয়ন কারাতে প্রতিযোগিতা-২০১৫ এ চ্যাম্পিয়ন ২৮ বর্ডার গার্ড ব্যাটালিয়নের খেলোয়াড়দের মাঝে সেক্টর কমান্ডার, কক্সবাজার।



১৮ আগস্ট ২০১৫ হতে ২০ আগস্ট ২০১৫ তারিখ পর্যন্ত শ্রীমঙ্গল সেক্টরের ব্যবস্থাপনায় আন্তঃব্যাটালিয়ন কারাতে প্রতিযোগিতা-২০১৫ এ ৫৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন।



২০ সেপ্টেম্বর ২০১৫ হতে ২২ সেপ্টেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত ২৯ আন্তঃব্যাটালিয়নের ব্যবস্থাপনায় আন্তঃব্যাটালিয়ন সাইক্লিং প্রতিযোগিতা-২০১৫ এ ২৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

২৩ আগস্ট ২০১৫ থেকে ২৫ আগস্ট ২০১৫ তারিখ পর্যন্ত আন্তঃব্যাটালিয়ন কারাতে প্রতিযোগিতায় ৫৬ বর্ডার গার্ড ব্যাটালিয়ন রানার আপ হওয়ার গৌরব অর্জন করে।



ময়মনসিংহ সেক্টর আন্তঃব্যাটালিয়ন কারাতে প্রতিযোগিতায় ১১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন রানার আপ হওয়ার গৌরব অর্জন করে।



২৩ আগস্ট ২০১৫ হতে ২৫ আগস্ট ২০১৫ তারিখ পর্যন্ত ঠাকুরগাঁও সেক্টর আন্তঃব্যাটালিয়ন কারাতে প্রতিযোগিতায় ১৮ বর্ডার গার্ড ব্যাটালিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।



১৫ জুলাই ২০১৫
তারিখে পিলখানাস্থ
বীরউত্তম ফজলুর রহমান
খন্দকার মিলনায়তনে
মহাপরিচালকের আমন্ত্রণে
ইফতার মাহ্ফিলে
অফিসার্স, জুনিয়র কর্মকর্তা
ও সৈনিকদের পরিবারবর্গের
সাথে ইফতারে অংশগ্রহণ
করেন সীপকস এর প্রধান
পৃষ্ঠপোষক বেগম দিলশাদ
নাহার আজিজ।

১৮ জুলাই ২০১৫ তারিখে
পিলখানাস্থ সীমান্ত
ভবনে ঈদ-উল-ফিতরের
দিন বিজিবি সদস্যদের
পরিবারবর্গের সাথে ঈদের
শুভেচ্ছা বিনিময় করেন
প্রধান পৃষ্ঠপোষক বেগম
দিলশাদ নাহার আজিজ।



১৮ জুলাই ২০১৫
তারিখে পিলখানাস্থ
বর্ডার গার্ড হাসপাতালে
ঈদ-উল-ফিতরের দিন
(আইসিইউ)তে রোগীদের
সাথে সাক্ষাৎ করেন মিষ্টি
বিতরণ করেন প্রধান
পৃষ্ঠপোষক বেগম দিলশাদ
নাহার আজিজ।

২০ জুলাই ২০১৫ তারিখে পিলখানাস্থ শহীদ ক্যাপ্টেন আশরাফ হলে আয়োজিত অতিরিক্ত মহাপরিচালক এবং উপ মহাপরিচালক এর আমন্ত্রণে ঈদের শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে গান পরিবেশন করছেন প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।



২৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে বর্ডার গার্ড হাসপাতালের আইসিইউ ইউনিটের রোগীদের সাথে সাক্ষাৎ করেন প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।



২৬ সেপ্টেম্বর ২০১৫ তারিখে পিলখানাস্থ বিজিবি সদর দপ্তরে সীমান্ত ভবনে ঈদ-উল-আযহার শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে কেব কাটছেন প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।





২৬ সেপ্টেম্বর ২০১৫
তারিখে পিলখানাস্থ বিজিবি
সদর দপ্তরে সীমান্ত ভবনে
ঈদ-উল-আযহার শুভেচ্ছা
বিনিময় করেন সীপকস এর
প্রধান পৃষ্ঠপোষক, বেগম
দিলশাদ নাহার আজিজ।



১১ আগস্ট ২০১৫ তারিখে
সীমান্ত অফিসার্স লেডিস
ক্লাবে আয়োজিত সাংস্কৃতিক
অনুষ্ঠান শেষে ফটোসেশনে
অংশ নেন সীমান্ত অফিসার্স
লেডিস ক্লাবের প্রধান
পৃষ্ঠপোষক বেগম দিলশাদ
নাহার আজিজ।



১০ সেপ্টেম্বর ২০১৫
তারিখে সীমান্ত অফিসার্স
লেডিস ক্লাবে আয়োজিত
সাংস্কৃতিক অনুষ্ঠানে শেষে
ফটোসেশনে অংশ নেন
সীমান্ত অফিসার্স লেডিস
ক্লাবের প্রধান পৃষ্ঠপোষক
বেগম দিলশাদ নাহার
আজিজ এবং লেডিস ক্লাবের
সদস্যবৃন্দ।

২০ জুলাই ২০১৫ তারিখে পিলখানাস্থ শহীদ ক্যাপ্টেন আশরাফ হলে আয়োজিত অতিরিক্ত মহাপরিচালক এবং উপ মহাপরিচালক এর আমন্ত্রণে ঈদের শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠান শেষে ফটোসেশনে অংশ নেন প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।



২০ আগস্ট ২০১৫ তারিখে কেন্দ্রীয় সীপকস এ দর্জি, সুন্দরসূচী, বিউটি পার্লার ও কম্পিউটার কোর্স-১/২০১৫ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের সাথে ফটোসেশনে অংশ নেন সীপকস এর প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।

২০ আগস্ট ২০১৫ তারিখে কেন্দ্রীয় সীপকস এ দর্জি, সুন্দরসূচী, বিউটি পার্লার ও কম্পিউটার কোর্স-১/২০১৫ এ অংশ গ্রহণকারী শিক্ষার্থীদেরকে সনদপত্র ও পুরস্কার তুলে দিচ্ছেন সীপকসের প্রধান পৃষ্ঠপোষক বেগম দিলশাদ নাহার আজিজ।





১০ সেপ্টেম্বর ২০১৫
তারিখে কেন্দ্রীয় সীপকসে
দর্জি ও সুন্দরসূচী মেম
সেমিস্টার পরীক্ষা পরিদর্শন
শেষে শিক্ষার্থীদের
সাথে ফটোসেশনে অংশ
নেন সীপকসের প্রধান
পৃষ্ঠপোষক, বেগম দিলশাদ
নাহার আজিজ।

০৭ সেপ্টেম্বর ২০১৫
তারিখে প্রধান পৃষ্ঠপোষক
দিলশাদ নাহার আজিজ
উপ-শাখা
সীপকস কক্সবাজার
পরিদর্শন করেন।



০৪ আগস্ট ২০১৫
তারিখে পিলখানাস্থ বীর
উত্তম আনোয়ার হোসেন
প্যারেড গ্রাউন্ডে অনুষ্ঠিত
'ঈদ পুনর্মিলনী-২০১৫'
এর বিশেষ অতিথি বিজিবি
ভারপ্রাপ্ত মহাপরিচালকের
সহধর্মিনী বেগম মাহফুজা
আখতারকে ফুলের তোড়া
দিয়ে শুভেচ্ছা জানান
ঢাকা সেক্টর কমান্ডারের
সহধর্মিনী।

১৬ জুন ২০১৫ তারিখে
উপ-শাখা সীপকস,
বিজিটিসিএন্ডএস এর
তত্ত্বাবধানে পরিচালিত
১ম ব্যাচ দর্জি বিভাগের
ব্যবহারিক পরীক্ষা পরিদর্শন
করছেন সাধারণ সম্পাদিকা,
উপ শাখা সীপকস,
বিজিটিসিএন্ডএস।



১৮ আগস্ট ২০১৫ তারিখে
দর্জি ও কম্পিউটার বিভাগে
অংশগ্রহণকারী ছাত্রীদের
মাঝে সনদপত্র ও পুরস্কার
বিতরণ করেন সভানেত্রী
শাখা সীপকস চট্টগ্রাম।

২৭ আগস্ট ২০১৫ তারিখে
ব্লক বাটিক ও কম্পিউটার
বিভাগ উদ্বোধনী অনুষ্ঠানে
ছাত্রীদের সাথে মতবিনিময়
করছেন সহ-সভানেত্রী
উপ-শাখা সীপকস,
বিজিটিসিএন্ডএস।





২৩ আগস্ট ২০১৫ তারিখে উপ-শাখা সীপকস, বিজিটিসিএন্ডএস এর তত্ত্বাবধানে পরিচালিত ২য় ব্যাচ ব্লক বাটিক বিভাগের উদ্বোধন শেষে ফটোসেশনে অংশ নেন সাধারণ সম্পাদিকা, উপ-শাখা সীপকস, বিজিটিসিএন্ডএস।

২০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে উপ-শাখা সীপকস, রাজশাহীর ০২/২০১৫ ব্যাচের ১ম সেমিস্টার পরীক্ষা চলাকালীন সময় প্রশ্নপত্র দেখছেন সহ-সভানেত্রী উপ-শাখা সীপকস, রাজশাহী।



ঈদ পুনর্মিলনী উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন সেক্টর কমান্ডার বিজিবি রাজশাহী এর পত্নী মিসেস রোকসানা ফেরদাউস।

১২ আগস্ট ২০১৫ তারিখ উপ-শাখা সীপকস দিনাজপুর এর সভানেত্রী ও সাধারণ সম্পাদিকা ছাত্রীদের মাঝে সনদপত্র ও পুরস্কার বিতরণ শেষে ফটোসেশনে অংশগ্রহণ করেন।



কল্যাণমূলক কর্মকাণ্ড

০১ জুলাই ২০১৫ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত কেন্দ্রীয় রেজিমেন্টাল তহবিল থেকে বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্য ও তাঁদের পরিবারের সদস্যদের কল্যাণার্থে বিভিন্ন সেবামূলক ক্ষেত্র, শিক্ষা, ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান সম্পাদনের নিমিত্তে ৭,২৩,৩৮,৬৮৯.৭৪ (সাত কোটি তেত্রিশ লক্ষ আটত্রিশ হাজার ছয়শত ঊনব্বই টাকা চুয়ান্ন পয়সা) টাকা ব্যয় করা হয়েছে। নিম্নে তার বিবরণ তুলে ধরা হলো :

ক্রমিক	বিবরণ	টাকার পরিমাণ
১।	সেক্টর, ব্যাটালিয়ন এবং ইউনিটের বিভিন্ন কল্যাণমূলক কাজে অর্থ প্রদান।	২,৮৭,৪৭,৫৮৬.০০
২।	সদর দপ্তর বিজিবি, পিলখানা, ঢাকায় সৈনিকদের জন্য ১০ তলা বিশিষ্ট (৪০ ইউনিট) রেজিমেন্টাল কোয়ার্টার-০১ ও ০২. সেবক সেবিকাদের জন্য ১০ তলা ভিত্তিসহ ৫তলা বিশিষ্ট (২৪ ইউনিট) কোয়ার্টার, কর্মচারীদের ফেলোয়ার্স রেজিমেন্টাল কোয়ার্টার-০২ এবং আধুনিক মিউজিয়াম নির্মাণ কাজের জন্য অর্থ প্রদান।	২,৯০,৪৮,৩৯৭.০০
৩।	বাহির হতে অস্থায়ী ভিত্তিতে নিয়োগকৃত ডাক্তারদের সম্মানী প্রদান।	১০,৬৩,০৫০.০০
৪।	বর্ডার গার্ড হাসপাতাল, পিলখানা ঢাকায় রোগীদের জন্য মেসে উন্নত মানের খাবারের অর্থ প্রদান।	২৯,৪৭৫.২৪
৫।	মৃত কর্মচারীর উত্তরাধিকারীদেরকে এককালীন অনুদান এবং দাফন-কাফন ও অন্যান্য খরচ বাবদ অর্থ প্রদান।	২,৪২,০০০.০০
৬।	বীরশ্রেষ্ঠ / শহিদ পরিবারের সদস্য এবং খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধাদের (অব.) মাসিক আর্থিক সাহায্য প্রদান।	৬১,৪৮০.০০
৭।	বিজিবিতে কর্মরত নববিবাহিত ২১২ জন সদস্যকে মহাপরিচালকের শুভেচ্ছা উপহার স্বরূপ আর্থিক অনুদান প্রদান।	১০.৬০.০০০.০০
৮।	যৌতুক বিহীন মেয়ের বিবাহ উপলক্ষে বিজিবি সদস্যদেরকে আর্থিক অনুদান।	১,১০,০০০.০০
৯।	বিজিবি স্বাস্থ্য সহায়তা প্রকল্প তহবিল হতে বিজিবি সদস্য ও তাদের পরিবারবর্গের দুরারোগ্য রোগের চিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান।	৫০,৮৮,৩০১.৫০
১০।	রক্তদানকারীদের সম্মানী প্রদান।	৪৯,২০০.০০
১১।	সেনা কোর্সে কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনকারী সৈনিকদের পুরস্কার প্রদান।	৫৫,০০০.০০
১২।	বিভাগীয় খরচে ২০১৫ সালে বিজিবি হজ্জাত্রীদের জন্য বিমানের টিকিট ক্রয় বাবদ অর্থ প্রদান।	৫,৬১,০০০.০০
১৩।	পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৫ উপলক্ষে মহাপরিচালক মহোদয় কর্তৃক হাসপাতালে ভর্তিকৃত রোগীদের মিষ্টি ও ফল বিতরণের জন্য অর্থ প্রদান।	১২.০৬৫.০০
১৪।	পবিত্র ঈদ-উল-ফিতর ও ঈদ-উল আযহা ২০১৫ উপলক্ষে মহাপরিচালক মহোদয় কর্তৃক ৪র্থ শ্রেণির কর্মচারীদের উপহার সামগ্রী বাবদ অর্থ প্রদান।	২৩.৫৯,১৭৫.০০
১৫।	পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৫ উপলক্ষে ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানের বিবিধ খরচ বাবদ আর্থিক অনুদান।	১,৬৩,৫৬০.০০
১৬।	পবিত্র রমজান মাসে বিজিবি কেন্দ্রীয় মসজিদে খতমে তারাবি নামাজ পড়ানোর জন্য হাফেজদের সম্মানী ও পোশাকাদি বাবদ অর্থ প্রদান।	৪৭,০০০.০০
১৭।	বিজিবি স্কুল ও কলেজ ছাত্র-ছাত্রীদের ভারত সফরকালীন সময়ে পকেট মানি প্রদান।	১,০১,৪০০.০০
১৮।	বিওপি/ক্যাম্প/আইসিপি/এলসি/টিসি/চেকপোস্ট রক্ষণাবেক্ষণের জন্য অর্থ প্রদান।	৩৫,৪০,০০০.০০
	সর্বমোট =	৭,২৩,৩৮,৬৮৯.৭৪

দুরারোগ্য রোগ নিরাময় কল্যাণ তহবিল হতে সাহায্য

০১ জুলাই ২০১৫ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত দুরারোগ্য রোগ নিরাময় কল্যাণ তহবিল হতে বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্য ও তাঁদের পরিবারের সদস্যদের চিকিৎসার জন্য ৫১,৮২,৮০১/- (একান্ন লক্ষ বিরাশি হাজার আটশত এক) টাকার আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে, যার বিবরণ নিম্নরূপ:

ক্রমিক	রেজিমেন্ট নম্বর পদবি ও নাম	রোগের নাম	ইউনিট	টাকার পরিমাণ
জুলাই - ২০১৫				
১।	৫০৮০৪ নায়েক কাজী ইব্বাদুর রহমান এর স্ত্রী মোছাঃ হালিমা খানম	METASTATIC GERM CELL TUMOUR OF OVARIES	৬ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৫৫,০০০/-
২।	এমএল-৯০ অফিস সহায়ক মোঃ জাহাঙ্গীর হোসেন	DVCAD (DOUBLE VESSEL CORONARY ARTERY DISEASE)	৫১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,৬৬,১০০/-
৩।	৭৮২১৪ সিপাহী সহকারী মোঃ জাকির হোসেন	AVASCULAR NECROSIS OF FEMORAL HEAD (LT) WITH GROSS OA OF LT HIP JOINT	৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,৫০,০০০/-
৪।	৬৯৯৫৭ সিপাহী মোঃ মঈনুল হাসান	AVN (RT) HIP WITH OA	আরবিজি কোম্পানি নীলডুমুর	১,৬৫,০০০/-
৫।	৭৬১০১ সিপাহী মোঃ তাজুল ইসলাম	CA RECTUM (OP)	১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৪,০০,০০০/-
৬।	পরি-২৩৪২ পরিচ্ছন্নতাকর্মী মোঃ নূরুল ইসলাম এর ছেলে মোঃ লোমান হোসেন	CRHD WITH SEVERE MS WITH PHTN WITH LA THROMBUS	৪৮ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৯০,০০০/-
৭।	৮৩৪৪৭ সিপাহী মোঃ ফরহাদ আলী	RECURRENT (LT) RENAL STONE	৩৩ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৬০,০০০/-
৮।	৬৮৯৮৬ ল্যান্স নায়েক মোঃ সহিদুল ইসলাম	JEJUNAL GROWTH (OP) WITH JEJUNOSTOMY	৩২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৯৭,৯৫২/-
৯।	জেসিও-৭৩৫৫ নায়েব সুবেদার সহকারী মোঃ আমিরুল ইসলাম	MULTIPLE MYELOMA	সদর দপ্তর বিজিবি, প্রশাসন শাখা, রেকর্ড উইং, ঢাকা	৪,০০,০০০/-
আগস্ট - ২০১৫				
৯।	৫৬০৫৭ হাবিলদার মোঃ শাহীন সিকদার	IHD	৩৮ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,৩৫,০০০/-
১০।	৬৯৫২৫ ল্যান্স নায়েক জীবন কুমার মিত্র	ACL WITH MENISCUS INJURY OF RT KNEE	১৪ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,২৫,০০০/-
১১।	৩৪৬৩৭ অবৈতনিক ল্যান্স নায়েক মোহাম্মদ হোসেন	IHD WITH DM WITH HTN	৪৬ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,৩৫,০০০/-
১২।	৫৪৭৬৯ হাবিলদার মোঃ মজিবুর রহমান এর স্ত্রী সুমী আক্তার	LT SIDED DIAPHRAGMATIC-HERNIA	২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৫০,৫০০/-
১৩।	৬০২৫৯ ল্যান্স নায়েক মোঃ হানিফ উদ্দিন এর ছেলে মোঃ রিদুওয়ান	HODGKIN LYMPHOMA	৫১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৫৫,৭৬৭/-
১৪।	৫৮৮৯২ নায়েক মোঃ মোনাফ মিয়া এর ছেলে এম আদিল আল মামুন	RHABDOMYOSARCOMA	১৮ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৮২,৮৯৫/-
১৫।	৭১০৫২ ল্যান্স নায়েক মোঃ সাজেদুল ইসলাম	HODGKINS LYMPHOMA	১৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	২,১৯,৬০০/-

১৬।	৪৬৪৩৩ হাবিলদার মোঃ হারুন অর রশিদ	ACUTE MYOCARDIAL INFARCTION	৩৮ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৪,০০,০০০/-
১৭।	৫৫৩৮১ হাবি. সহ. মোঃ আব্দুল মান্নান এর স্ত্রী মোসাঃ মর্জিনা বেগম	CARCINOMA BREAST (LT) WITH DM WITH HTN	৩২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৫৪,৭২০/-
১৮।	৮৬৭০৭ সিপাহী মোঃ নুরুল আমীন	AVN (Both) HIP	৫৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৩,২০,০০০/-
১৯।	বাবুর্চি-২৩৫৪ বাবুর্চি মোঃ নাছির উদ্দিন	GENUVARUS DEFORMITY WITH OA KNEE (BIL)	৫৩ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,৬৫,০০০/-
২০।	৬১৭৮৬ ল্যাপ্স নায়েক মোঃ রায়হান আলীর মেয়ে মোছাঃ রাইমাতুল জান্নাত	DOWN SYNDROME WITH ASD	৪৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৭১,৬৮০/-
২১।	৬৬৩৫৭ সিগন্যালম্যান মোঃ আজহারুল ইসলাম	CHRONIC MYELOID LEUKAEMIA (CML)	১১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	২,৮৮,০০০/-
২২।	৬৯১৪৪ ল্যাপ্স নায়েক মোঃ মাহবুবুর রহমান এর স্ত্রী পুষ্প আক্তার	NON HODGKIN LYMPHOMA	১৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৮৯,২৪৭/-
২৩।	৩৫৫০৭ হাবিলদার মোঃ মিজানুর রহমান এর স্ত্রী মনোয়ারা বেগম	INFILTRATING DUCTAL CARCINOMA GRADE II (CA-BREAST) (OP)	সদর বিজি ব্যাটালিয়ন	২,০০,০০০/-
২৪।	জেসিও-৬৮৮২ নায়েব সুবেদার মোঃ আলিম উদ্দিন এর ছেলে নাদিম মোস্তফা	CHRONIC HcV INFECTION	২৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৬৯,৫০০/-
সেপ্টেম্বর - ২০১৫				
২৫।	৫৪২৩৮ নায়েক শ্রী গোপাল চন্দ্র সুত্রধর	CA-STOMACH (OP)	৪১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,৮৩,১৮০/-
২৬।	৬১৪৩৮ ল্যাপ্স নায়েক মোঃ আমজাদ হোসেন এর মেয়ে মোছাঃ খাদিজা	HB-E-B THALASSAEMIA	৪৮ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৫১,৬৬০/-
২৭।	এমএল-৯০ অফিস সহায়ক মোঃ জাহাঙ্গীর হোসেন	DVCAD (Double Vessel Coronary Artery Disease)	৫১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,০০,০০০/-
২৮।	৮২৬২৯ সিপাহী মোঃ বেলাল হোসেন	ACL AND MINISCUS INJURY (LT)	৪৮ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৮০,০০০/-
২৯।	সিএ-১১৯ উচ্চমান সহকারী মোঃ হাসউজ্জামান	CATARACT (RT EYE) WITH PHACO- PCIOL (RT)	১২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৮৪,৫০০/-
৩০।	জেসিও-৫৩১০ সুবেদার মোঃ আব্দুল মতিন ২৫ আগস্ট ১৫ তারিখ মৃত্যুবরণ করেন	RECURRENT GBM GRADE-IV (OP)	বর্ডার সিকিউরিটি ব্যুরো	১,২৮,৪০০/-
৩১।	জেসিও-৭৪৮৩ নায়েব সুবেদার সহকারী মোঃ আশরাফ উদ্দিন	METASTATIC SQUAMOUS CELL CARCINOMA OF RT NECK	সদর দপ্তর বিজিবি অপারেশন ও প্রশিক্ষণ শাখা, অপারেশন পরিদপ্তর, ঢাকা	২,৩১,৬০০/-
৩২।	৩৩৬৯০ হাবিলদার মোঃ নুরুল আমিন	DVCAD (Double Vessel Coronary Artery Disease)	২২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১,৩০,০০০/-
৩৩।	আইডব্লিউটি-১০৪ সারেং মোঃ মফিজ উল্ল্যা এর স্ত্রী মোছাঃ ময়মুনা খাতুন	MVD WITH HTN WITH HYPOTHYROIDISM	সেক্টর সদর দপ্তর, রাঙ্গামাটি	১,৪৭,৫০০/-
সর্বমোট =				৫১,৮২,৮০১/-

মহাপরিচালকের বিশেষ কল্যাণ ও উন্নয়ন তহবিল হতে উন্নয়ন ও কল্যাণমূলক কাজের জন্য
আর্থিক অনুদান ০১ জুলাই ২০১৫ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৫

ক্রমিক	তারিখ	অনুদানের বিবরণ	টাকার পরিমাণ
১।	২৬-৮-১৫	জুন ২০১৫ মাসের বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় ভর্তি রোগীদের খাবার পরিবেশনের নিমিত্তে উন্নত মানের চাউল ক্রয়ের অতিরিক্ত খরচের বিল পরিশোধ।	৫৮.৪৭৫/-
২।	২৬-৮-১৫	জুন ২০১৫ মাসের বর্ডার গার্ড হাসপাতাল, সাতকানিয়ায় ভর্তি রোগীদের খাবার পরিবেশনের নিমিত্তে উন্নত মানের চাউল ক্রয়ের অতিরিক্ত খরচের বিল পরিশোধ।	৬,৮৮৩/-
৩।	২৬-৮-১৫	মোসাঃ নূর জাহান বেগম, স্বামী- জেসিও ১৩৬৪ নায়েব সুবেদার মমতাজ মিয়া (মৃত মুক্তিযোদ্ধা) গ্রাম- পশ্চিম লালপুর, ডাকঘর- কাবিলপুর, উপজেলা- সেনবাগ, জেলা- নোয়াখালীকে আর্থিক অনুদান প্রদান।	১০.০০০/-
৪।	২৬-৮-১৫	২২৪৫৫ হাবিলদার মোঃ এমদাদুল হক, মুক্তিযোদ্ধা (অব.) গ্রাম- বালীগ্রাম চৌধুরী পাড়া, পোস্ট- বটতলাহাট উপজেলা ও জেলা- চাঁপাইনবাবগঞ্জকে আর্থিক অনুদান প্রদান।	১০.০০০/-
৫।	২৬-৮-১৫	মোঃ ফিরোজুল হক, পিতা নম্বর ৮১১৬ সিপাহী আব্দুর রাজ্জাক (শহীদ মুক্তিযোদ্ধা), গ্রাম- আম্বরখানা বড় বাজার, ডাকঘর- সিলেট, উপজেলা ও জেলা- সিলেটকে আর্থিক অনুদান প্রদান।	১০.০০০/-
৬।	২৬-৮-১৫	মোছাঃ সাহিদা খাতুন, স্বামী নম্বর ৬৯০৯ নায়েক গোলাম পাঞ্জাতন (শহীদ), গ্রাম- হরিরামপুর, ডাকঘর- গোভীপুর থানা ও জেলা- মেহেরপুরকে আর্থিক অনুদান প্রদান।	১০.০০০/-
৭।	২৬-৮-১৫	৪৫০৯৮ সিপাহী মোঃ আব্দুল বারী (অব.), গ্রাম- হরিনারায়ণপুর জিকে কলোনী, ডাকঘর-হরিনারায়ণপুর, উপজেলা- ইসলামী বিশ্ববিদ্যালয়, জেলা- কুষ্টিয়াকে ছেলের উন্নত শিক্ষার জন্য আর্থিক অনুদান প্রদান।	১০.০০০/-
৮।	২৬-৮-১৫	৪৩৯১৫ সিপাহী মোঃ রবিউল ইসলাম (অব.), গ্রাম- প্রাগপুর, পোস্ট- চর প্রাগপুর, উপজেলা- দৌলতপুর, জেলা- কুষ্টিয়াকে আর্থিক অনুদান প্রদান।	১০.০০০/-
৯।	২৬-৮-১৫	মোসাঃ রিজিয়া বেগম, স্বামী নম্বর ৪৩৪০ নায়েক রজব আলী (মৃত) গ্রাম- মধ্যম হাজীপুর (পাঠান বাড়ি) ডাকঘর- হাজীপুর, থানা- বেগমগঞ্জ, জেলা- নোয়াখালীকে আর্থিক অনুদান প্রদান।	১০.০০০/-
১০।	২৬-৮-১৫	আলেয়া বেগম, স্বামী জেসিও-৩৩৬০ নায়েব সুবেদার এম এ সোবহান পাঠান (মৃত মুক্তিযোদ্ধা) গ্রাম- চাংঙ্গেনী ডাকঘর- হালিমানগর, থানা- কোতয়ালী, জেলা- কুমিল্লাকে আর্থিক অনুদান প্রদান।	১০.০০০/-
১১।	২৬-৮-১৫	২৮১৩৫ হাবিলদার কাজী হাবিব উল্লাহ (অব.), গ্রাম- চিত্রশাইল, ডাকঘর- জিরাবো, থানা- আশুলিয়া, জেলা- ঢাকাকে চিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান।	১০.০০০/-
১২।	২৬-৮-১৫	১৭৫২১ হাবিলদার মোঃ আবুল হাসেম (অব.), পিতা মোঃ জুলফু মিয়া, গ্রাম ও ডাকঘর- শশীদল, উপজেলা- ব্রাহ্মণপাড়া, জেলা- কুমিল্লাকে আর্থিক অনুদান প্রদান।	১০.০০০/-
১৩।	২৬-৮-১৫	২০১৯৮ নায়েক মোঃ বশির আহম্মদ, (অব.) গ্রাম- চাংঙ্গেনী বাজার, ডাকঘর- হালিমা নগর (কোট বাড়ি), থানা- কুমিল্লা সদর দক্ষিণ, জেলা- কুমিল্লাকে আর্থিক অনুদান প্রদান।	১০.০০০/-
১৪।	২৬-৮-১৫	৪৩১৭৭ সিপাহী শেখ কামরুজ্জামান (অব.) গ্রাম- আস্তাইল, ডাকঘর- আড়িয়ারা, থানা- লোহাগড়া, জেলা- নড়াইলকে আর্থিক অনুদান প্রদান।	১৫.০০০/-
১৫।	২৬-৮-১৫	১৫৭৯২ হাবিলদার আব্দুল আজিজ (অব.), বি-২/৩০৪ ৪র্থ তলা, হোপকুন্ডু ৬১ নং ওমর আলী লেন, রামপুরা, ঢাকা- ১২১৯ কে স্ত্রীর চিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান।	১০.০০০/-
১৬।	২৬-৮-১৫	জুলাই ২০১৫ মাসের বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় ভর্তি রোগীদের খাবার পরিবেশনের নিমিত্তে উন্নত মানের চাউল ক্রয়ের অতিরিক্ত খরচের বিল পরিশোধ।	৪৩.৮৯৯/-
১৭।	২৬-৮-১৫	জুলাই ২০১৫ মাসের বর্ডার গার্ড হাসপাতাল, সাতকানিয়ায় ভর্তি রোগীদের খাবার পরিবেশনের নিমিত্তে উন্নত মানের চাউল ক্রয়ের অতিরিক্ত খরচের বিল পরিশোধ।	৫,৮৪৭/-

১৮।	০১-৯-১৫	১৩০৮০ নায়ক মোহাম্মদ হোসেন (অব.), বীর মুক্তিযোদ্ধা, গ্রাম- নেয়ামতপুর (পূর্ব পাড়া), ডাকঘর- মূলগ্রাম, থানা- কসবা, জেলা- বি-বাড়ীয়া এর কৃত্রিম হাত সংযোজনের জন্য পরিচালক বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকা এর অনুকূলে আর্থিক অনুদান প্রদান।	৭০,০০০/-
১৯।	১৪-৯-১৫	৩৩ বর্ডার গার্ড ব্যাটালিয়ন বলিপাড়ায় কর্মরত থাকাকালীন নম্বর ৮৬৬৪৮ সিপাহী মোঃ জুয়েল রানা, পিতা- মোঃ বজলুর রহমান, গ্রাম- গয়েসপুর, পোস্ট- ধোপাখালী, থানা- জীবন নগর, জেলা- চুয়াডাঙ্গা গত ১০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে বিশেষ অপারেশন ১০/২০১৫ পরিচালনা শেষে মদক বিওপি হতে নৌকা যোগে জোন সদর বলিপাড়ায় আসার সময় নৌকাটি বড় পাথর নামক স্থানে ডুবে যায়। উক্ত ঘটনায় সিপাহী মোঃ জুয়েল রানা মৃত্যুবরণ করেন। মরহুম সৈনিকের উত্তরাধিকারী পিতা মোঃ বজলুর রহমানকে আর্থিক অনুদান প্রদান।	৫,০০,০০০/-
২০।	২৮-৯-১৫	মোঃ খালেদুজ্জামান খান, পিতা শহীদ জেসিও-১৯৫ সুবেদার মনিরুজ্জামান (বীর বিক্রম), গ্রাম ও ডাকঘর-বাথুলী সাদী, উপজেলা- বাসাইল, জেলা- টাঙ্গাইলকে আর্থিক অনুদান প্রদান।	১৫,০০০/-
২১।	২৮-৯-১৫	৩৩৮৫৪ হাবিলদার মোঃ জালাল উদ্দিন (অব.), গ্রাম- দুইরা, ডাকঘর- বাইরা, থানা- মুরাদনগর, জেলা-কুমিল্লাকে আর্থিক অনুদান প্রদান।	১০,০০০/-
২২।	২৮-৯-১৫	মোসাঃ জয়গুন বিবি, স্বামী আস্তার রহমান (মুক্তিযোদ্ধা), গ্রাম- জাহিদনগর, ডাকঘর- গোমস্তাপুর, জেলা চাঁপাই নবাবগঞ্জকে আর্থিক অনুদান প্রদান।	১০,০০০/-
২৩।	২৮-৯-১৫	মোছা মিনারা বেগম, স্বামী মৃত নম্বর ৫৮৫১০ সিপাহী বশিরুল ইসলাম (বাচ্চু), গ্রাম- ধানীখল মধ্যবাড়ি পাড়া, ডাকঘর-ধানীখল বাজার, উপজেলা- ত্রিশাল, জেলা- ময়মনসিংহকে আর্থিক অনুদান প্রদান।	১৫,০০০/-
২৪।	২৮-৯-১৫	এমডব্লিউ-৩৯, মেস ওয়েটার মোঃ হালিম রেজা সুমন, এ্যাডমিন উইং, বায়তুল ইজ্জত, চট্টগ্রামকে আর্থিক অনুদান প্রদান।	১৫,০০০/-
২৫।	২৮-৯-১৫	জাহানারা বেগম, স্বামী মৃত নম্বর ৪৬৩৬৫ সিপাহী আমিরুল ইসলাম, গ্রাম- বাকসা ডাংঙ্গী, ডাকঘর- নারুয়া, বাজার, উপজেলা- বালিয়া কান্দি, জেলা-রাজবাড়িকে আর্থিক অনুদান প্রদান।	১৫,০০০/-
সর্বমোট =			৯,০০,১০৪/-

পদোন্নতির পরিসংখ্যান - বর্ডার গার্ড বাংলাদেশ
কোয়ার্টার সমাপ্তি - ৩০ সেপ্টেম্বর ২০১৫

ক্রমিক নং	পদের নাম	জিডি	সিগন্যাল	সহকারী	মেডিক্যাল সহকারী	ভিএম	অসামরিক	মোট
১।	সুবেদার	৩৩	০২	০২	-	-	-	৩৭
২।	নায়ব সুবেদার	৪৯	০৫	০২	০১	-	-	৫৭
৩।	হাবিলদার	৮৯	০৫	০৯	০১	-	-	১০৪
৪।	নায়ক	১২৬	০৫	০২	০১	-	-	১৩৪
৫।	ল্যান্স নায়ক	১৩০	০৫	০১	০১	-	-	১৩৭
৬।	হিসাবরক্ষক	-	-	-	-	-	-	-
৭।	উচ্চমান সহকারী	-	-	-	-	-	-	-
সর্বমোট =		৪২৭	২২	১৬	০৪	-	-	৪৬৯

আমরা যাঁদেরকে হারিয়েছি

০১ জুলাই ২০১৫ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত বর্ডার গার্ড বাংলাদেশ এর নিম্নবর্ণিত সদস্যগণ চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন :

ক্রমিক	ছবি	রেজিমেন্ট নম্বর পদবি, নাম ও ইউনিট	মৃত্যুর তারিখ	মৃত্যুর কারণ
১		বাবুর্চি-৩০৩৩ বাবুর্চি মোঃ নুরু মিয়া ৫৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	০৪-৭-২০১৫	CARDIO RESPIRATORY FAILURE DUE TO HCC WITH CLD
২		নম্বর ৪৮৫৮২ হাবিলদার জয়নাল আবেদীন ১৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১২-৭-২০১৫	SEPTICAEMIA WITH PYELONEPRITIS WITH DM
৩		৮১৮৫৫ সিপাহী মোঃ আল আমিন ২৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১৪-৭-২০১৫	ELECTROCUTION
৪		জেসিও-৫৮৯০ নায়েব সুবেদার মোঃ আব্দুল জব্বার, ২৭ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১৭-৭-২০১৫	DUE TO CARCINOMA LUNG (LT)
৫		নম্বর ৭৯৮১১ সিপাহী মোঃ মোকসেদুল হক ২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	২৩-৭-২০১৫	CARDIO RESPIRATORY FAILURE DUE TO ULCERATIVE COLITIS WITH TOXIC MEGACOLON WITH CYTOMEGALOVIRUS INFECTION OF THE COLON
৬		নম্বর ৩৭১১৯ হাবিলদার সিগন্যাল মোঃ মঞ্জুরুল কাদির, সেক্টর সদর দপ্তর, দিনাজপুর	২৮-৭-২০১৫	IRREVERSIBLE CARDIOPULMONARY ARREST DUE TO RECURRENT STROKE
৭		নম্বর ৩৪০১০ নায়েক কাজী মনির হোসেন ৫২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	২৩-৮-২০১৫	CARDIO RESPIRATORY FAILURE
৮		জেসিও-৫৩১০ সুবেদার মোঃ আব্দুল মতিন বর্ডার সিকিউরিটি ব্যুরো, ঢাকা (LPR)	২৫-৮-২০১৫	CARDIO RESPIRATORY FAILURE DUE TO GBM RECURRENT
৯		নম্বর ৩৮৫৩২ হাবিলদার মোঃ মিজানুর রহমান, বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৩১-৮-২০১৫	CARDIO RESPIRATORY FAILURE
১০		নম্বর ৯৯০২৭ সিপাহী মাকছুদ আলম ৩ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	০৫-৯-২০১৫	ROAD TRAFFIC ACCIDENT (RTA)
১১		আইডলিউটি-৫৪৭ লস্কর মোঃ মাসুদ রানা রিভারাইন বর্ডার গার্ড কোম্পানি	০৮-৯-২০১৫	অতিরিক্ত বমি হওয়ায়
১২		নম্বর ৮৬৬৪৮ সিপাহী মোঃ জুয়েল রানা ৩৩ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১০-৯-২০১৫	BROUGHT IN DEAD
১৩		এমএল-০৫ অফিস সহায়ক মোঃ বোরহান উদ্দিন, ১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১১-৯-২০১৫	CARDIO RESPIRATORY FAILURE DUE TO ANAPLASTIC ASTROCYTOMA
১৪		নম্বর ৭৮২০৮ সিপাহী মোঃ শাহাদাৎ শামীম ৩৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১১-৯-২০১৫	CHRONIC LIVER DISEASE WITH ESOPHAGEAL VARICES
১৫		নম্বর ৪৭১৯৭ হাবিলদার মোঃ রমিজ উদ্দিন ২৯ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	১২-৯-২০১৫	CARDIO RESPIRATORY FAILURE DUE TO CARDIOGENIC SHOCK
১৬		বাবুর্চি-২০৪৭ বাবুর্চি মোঃ চান মিয়া ৮ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	২৬-৯-২০১৫	CARDIO RESPIRATORY FAILURE DUE TO SEPTIC SHOCK WITH HEPATITIS
১৭		জেসিও-৭৪৩৭ নায়েব সুবেদার এসকে বেলাল উদ্দিন, ২২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন	৩০-৯-২০১৫	OBSTRUCTIVE JAUNDICE

সীমান্তে বর্ডার গার্ড বাংলাদেশ এর তৎপরতা

সীমান্তের অতনু প্রহরী বর্ডার গার্ড বাংলাদেশ এর সদস্যরা ০১ জুলাই ২০১৫ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে বিভিন্ন সীমান্তে উল্লেখযোগ্য পরিমাণ মালামালসহ ৬৪৩ জন চোরাকারবারিকে আটক করে। এ ব্যাপারে মোট ৮,০৭৩ টি মামলা দায়ের করা হয়েছে। বিভিন্ন রিজিয়নে আটককৃত মালামালের মূল্য নিম্নে প্রদত্ত হলো :

রিজিয়নের নাম	মামলার সংখ্যা	আটককৃত চোরাকারবারির সংখ্যা	আটককৃত মালামালের পরিমাণ
দক্ষিণ-পশ্চিম রিজিয়ন, যশোর	২১৭১	৯৩	৮২,৬৫,৬৭,৭২৫/-
উত্তর-পশ্চিম রিজিয়ন, রংপুর	২৬১৩	২৮৪	২৩,০৭,০৮,৮৮৫/-
উত্তর-পূর্ব রিজিয়ন, সরাইল	২৫৮৫	১৫১	৬১,১০,১৬,৯২৪/-
দক্ষিণ-পূর্ব রিজিয়ন, চট্টগ্রাম	৭০৪	১১৫	৪৭,৭৩,৬৬,৮০৭/-
সর্বমোট =	৮,০৭৩	৬৪৩	২১৪,৫৬,৬০,৩৪১/-

কোর্স ক্যাডার কৃতিত্ব



সদর দপ্তর বিজিবি, গোয়েন্দা পরিদপ্তরে কর্মরত নম্বর- ৭৭৮৮১ ল্যান্স নায়েক সহকারী মোঃ বেলাল হোসেন বিজিবি আইন কোর্স (ল্যা. না. সহ.)-০২/২০১৫ এ অংশগ্রহণ করে ১ম স্থান অর্জন করে।



১০ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত নম্বর- ৫৭০৩৯ ল্যান্স নায়েক মোঃ সামছুদ্দিন বিসিএম কোর্স খেড-২ (ল্যান্স নায়েক জিডি)-০২/২০১৫ এ অংশগ্রহণ করে ১ম স্থান অর্জন করে।



২৮ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত নম্বর- ৭৯৪৭৫ সিপাহী নির্মল কুমার সিংহ বর্ডার গার্ড ট্রেনিং (বিজিটি) কোর্স সিপাহী জিডি-১/২০১৫ এ অংশগ্রহণ করে ১ম স্থান অর্জন করে।

মেধাবী ছাত্র-ছাত্রী



২৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত জেসিও-৫৯৬৭ সুবেদার মোঃ নজরুল ইসলাম এর ছেলে মোঃ নাহিদ হাসান ২০১৫ সালে এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) অর্জন করে।



২৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নে কর্মরত ৪৯৯৬৬ হাবিলদার মোঃ আব্দুল গণি এর ছেলে সানজিদ হাসান ২০১৫ সালে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন A+) অর্জন করে।

মহাপরিচালকের পরিদর্শন

০১ জুলাই ২০১৫ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত বর্ডার গার্ড বাংলাদেশ এর মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিএসসি, জি নিম্নলিখিত রিজিয়ন, সেক্টর, ব্যাটালিয়ন এবং বিওপি পরিদর্শন করেন :

➤ ১৬ জুলাই ২০১৫ তারিখ ১৫ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ দহগ্রাম ও আংগরপোতা ছিটমহল।
➤ ১৬ জুলাই ২০১৫ তারিখ ১৮ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, পঞ্চগড়।
➤ ১৬ জুলাই ২০১৫ তারিখ ৩০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ঠাকুরগাঁও।
➤ ২২ আগস্ট ২০১৫ তারিখ ২৫ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ছোটহরিণা।
➤ ২২-২৩ আগস্ট ২০১৫ তারিখ সেক্টর সদর দপ্তর, রাংগামাটি।
➤ ২৩ আগস্ট ২০১৫ তারিখ সেক্টর সদর দপ্তর, খাগড়াছড়ি।
➤ ২৩ আগস্ট ২০১৫ তারিখ ৫১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, বাবুছড়া।
➤ ২৪ আগস্ট ২০১৫ তারিখ ৩৯ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ সাজেক বিওপি।
➤ ২৪ আগস্ট ২০১৫ তারিখ ৫৩ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রুমা।
➤ ২৪ আগস্ট ২০১৫ তারিখ সেক্টর সদর দপ্তর, বান্দরবান।
➤ ২৬ আগস্ট ২০১৫ তারিখ ৩৩ বর্ডার গার্ড ব্যাটালিয়নের অধীনস্থ বড় মদক বিওপি।
➤ ০৬-০৯ সেপ্টেম্বর ২০১৫ তারিখ সেক্টর সদর দপ্তর, কক্সবাজার।
➤ ০৭ সেপ্টেম্বর ২০১৫ তারিখ ৫০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রামু।

নিয়োগ/বদলি অফিসার



বিএ- ৩০২৮ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসেন, পিএসসি, সদর সদর বিজিবি, ঢাকা থেকে ১৯ আগস্ট ২০১৫ তারিখে কমান্ড্যান্ট হিসেবে বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড স্কুল যোগদান করেন।



বিএ- ২৪৭৪ কর্নেল মোঃ হাফিজুর রহমান, পিবিজিএমএস, পিএসসি, সেক্টর কমান্ডার, সেক্টর সদর দপ্তর, ময়মনসিংহ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে উপ মহাপরিচালক (রেকর্ড উইং) হিসেবে রেকর্ড উইংয়ে যোগদান করেন।



বিএ-৩১৮৩ কর্নেল লুৎফুল কবীর ভূঞা, পিএসসি, বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড স্কুল থেকে ০২ সেপ্টেম্বর ২০১৫ তারিখে সেক্টর কমান্ডার হিসেবে সেক্টর সদর দপ্তর, ঠাকুরগাঁও, যোগদান করেন।



বিএ- ৩৬৫৬ কর্নেল মোঃ শাহরিয়ার রশীদ, পিএসসি, সেক্টর কমান্ডার, সেক্টর সদর দপ্তর, কুমিল্লা থেকে ১৮ আগস্ট ২০১৫ তারিখে সেক্টর কমান্ডার হিসেবে সেক্টর সদর দপ্তর, ময়মনসিংহ, যোগদান করেন।



বিএ- ৩৬৫৭ কর্নেল কাজী অনিরুদ্ধ, বিজিবিএম, সদর সদর বিজিবি, ঢাকা থেকে ১৪ সেপ্টেম্বর ২০১৫ তারিখে অধিনায়ক হিসেবে সদর বর্ডার গার্ড ব্যাটালিয়নে যোগদান করেন।



বিএ- ৩৮৫৬ কর্নেল মোঃ আক্রামুল হক, এসপিপি, পিএসসি, সেক্টর কমান্ডার, সেক্টর সদর দপ্তর, ঠাকুরগাঁও থেকে ৩০ আগস্ট ২০১৫ তারিখে সেক্টর কমান্ডার হিসেবে সেক্টর সদর দপ্তর, গুইমারায়, যোগদান করেন।



বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার

সম্পাদনা পরিষদ

- সভাপতি : লেঃ কর্নেল মোহাম্মদ তৌহিদুল ইসলাম, পিবিজিএমএস (বার), পিএসসি, জি+
ভারপ্রাপ্ত উপ মহাপরিচালক (অপারেশন ও প্রশিক্ষণ)
- সম্পাদক : লেঃ কর্নেল মোঃ হাফিজুল ইসলাম খান, বিপি, বিপিএম, বিজিবিএমএস, পরিচালক (প্রশিক্ষণ)
- সহকারী সম্পাদক : মেজর মোঃ নূরুল আমিন হেলাল, অতিরিক্ত পরিচালক (শিক্ষা)
- সম্পাদনা সহকারী : ল্যান্স নায়েক সহকারী শামীম মোস্তফা, অফিস সহকারী মোঃ রুবেল